দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 16 JAN [illegible]
পৃষ্ঠা ... 2 ... কলাম ... [illegible]

## পাঠ্যপুস্তকে পাহাড়ীদের সম্পর্কে বিভ্রান্তিমূলক বিষয় অন্তর্ভুক্তির অভিযোগ

চট্টগ্রাম অফিস ॥ পাহাড়ী ছাত্র পরিষদের উদ্যোগে আয়োজিত এক ছাত্র গণজমায়েতে অভিযোগ করা হয় যে, জাতীয় স্কুল শিক্ষাক্রমের পাঠ্যপুস্তকে পার্বত্য পাহাড়ী জনগণ সম্পকে মিথ্যা, বিভ্রান্তিমূলক ও অবমাননাকর বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। গত মঙ্গলবার খাগড়াছড়ি জেলার লক্ষ্মীছড়ি থানার বর্মাছড়ি বাজারে শিক্ষা সংক্রান্ত পাহাড়ী পরিষদের ৫ দফা দাবী সম্বলিত ছাত্র জমায়েতে নেতৃবৃন্দ উপরোক্ত বক্তব্য রাখেন। লাল মোহন চাকমার সভাপতিতে অনুষ্ঠিত ছাত্র গণজমায়েতে পার্বত্য চট্টগ্রামে অপারেশন উত্তরণের নামে সেনা শাসন বলবৎ করা হয়েছে বলে অভিযোগ করা হয়। পার্বত্য চট্টগ্রামে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য ইউপিডিএফ'র সাথে পূর্ণ স্বায়ত্বশাসন প্রদানের শর্তে আলোচনায় বসার জন্য সরকারের প্রতি দাবী জানানো হয়। পার্বত্য কোটা বাতিল করে পাহাড়ী কোটা চালু করার দাবী জানানো হয়। ছাত্র জমায়েতে বক্তব্য রাখেন পাহাড়ী ছাত্র পরিষদের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মিঠুন চাকমা, সুপার জ্যোতি চাকমা, স্বর্ণজ্যোতি চাকমা, আলকেশ চাকমা, স্বপন চাকমা, রতন চাকমা, সোনালী চাকমা, স্বর্ণা চাকমা প্রমুখ।